

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৯৮

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ মযী (উত্তেজনাবশত বীর্যরস) বের হওয়ার কারণে সালাতের ন্যায় ওযূ করার নির্দেশ

ذِكْرُ الْأُمْرِ بِالْوُضُوءِ مِنَ الْمَدْي وُضُوءَ الصَّلَاةِ

আরবী

1098 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ أَخْبَرَنَا أَحمد بن أبي بكر عن مالك عن أبي النَّضْرِ مَوْلَى عُمَرَ بْنِ عُبَيْدِ اللَّهِ عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ عَنِ الْمِقْدَادِ بْنِ الْأَسْوَدِ أَنَّ عَلِيَّ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الرَّجُلِ إِذَا دَنَا مِنْ بْنَ أَبِي طَالِبٍ أَمَرَهُ أَنْ يَسْأَلَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الرَّجُلِ إِذَا دَنَا مِنْ أَبِي طَالِبٍ أَمَرَهُ أَنْ يَسْأَلُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الرَّجُلِ إِذَا دَنَا مِنْ أَهْلِهِ مَاذَا عَلَيْهِ؟ فَإِنْ عِنْدِي ابْنَتَهُ وَأَنَا أَسْتَحْيِي أَنْ أَسْأَلُهُ قَالَ الْمِقْدَادُ: فَسَأَلْتُ رَسُولَ اللَّهِ صَلَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (إِذَا وَجَدَ ذلك فَلْيَنْضَحْ فَرْجَهُ وليتوضاً وضوءه اللّه عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (إِذَا وَجَدَ ذلك فَلْيَنْضَحْ فَرْجَهُ وليتوضاً وضوءه الله وسلاة)

الراوي: الْمِقْدَاد بْنِ الْأَسْوَدِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1098 ا خلاصة حكم المحدث:. صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ: مَاتَ الْمِقْدَادُ بْنُ الْأَسْوَدِ بِالْجُرُفِ سَنَةَ ثَلَاثٍ وَثَلَاثِينَ وَمَاتَ سُلَيْمَانُ بْنُ بْنُ يَسَارٍ الْمِقْدَادَ وَهُوَ ابْنُ دُونِ عَشْرِ سنين. يَسَارٍ سَنَةَ أَرْبَعٍ وَتِسْعِينَ وَقَدْ سَمِعَ سُلَيْمَانُ بْنُ يَسَارٍ الْمِقْدَادَ وَهُوَ ابْنُ دُونِ عَشْرِ سنين.

বাংলা

১০৯৮. মিকদাদ বিন আসওয়াদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "নিশ্চয়ই আলী রাদ্বিয়াল্লাহু আনহু তাকে আদেশ করেন তিনি যেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করেন, ঐ ব্যক্তি সম্পর্কে যিনি তার স্ত্রীর কাছাকাছি হলে মযী (উত্তেজনাবশত বীর্যরস) বের হয়, এই অবস্থায় তার করণীয় কী? কারণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মেয়ে আমার স্ত্রী, এজন্য আমি তাঁকে জিজ্ঞেস করতে লজ্জাবোধ করছি।" মিকদাদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "তারপর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এই ব্যাপারে করলে তিনি জবাবে বলেন, "যখন সে এমনটা দেখতে পাবে, সে যেন তার লজ্জাস্থানে পানি ছিটা দেয় এবং সে যেন সালাতের ন্যায় ওযূ করে।"[1]



আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "মিকদাদ বিন আসওয়াদ ৩৩ হিজরীতে জুরুফে মারা যান আর সুলাইমান বিন ইয়াসার ৯৪ হিজরীতে মারা যান। সুলাইমান বিন ইয়াসার মিকদাদ বিন আসওয়াদ এর কাছ থেকে হাদীস শ্রবণ করেন, যখন তার বয়স ১০ বছরেরও কম বয়স ছিল।"

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৩০৩; সহীহ ইবনু খুযাইমাহ: ২২; নাসাঈ: ১/২১৪; বাইহাকী, মা'রেফাতুস সুনান: ১/২৯২; মুয়াত্তা ইমাম মালিক: ১/৪০; মুসনাদ ইমাম শাফেঈ: ১/২৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬০০; মুসনাদ আহমাদ: ৬/৫; আবূ দাউদ: ২০৭; সুনান বাইহাকী: ১/১১৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৯০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্ট করে কোন মন্তব্য করেননি। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মিকদাদ ইবন আসওয়াদ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন